প্রাতিষ্ঠানিক নীতিমালা

(শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)

শিক্ষার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে প্রদেয় ফর্মটি স্বাক্ষরের মাধ্যমে শিক্ষার্থী অঙ্গীকার করছে যে, এখানে প্রদত্ত সকল নীতিমালা আপনি মেনে নিতে সম্মত হয়েছেন এবং এই নীতিমালা অমান্য করলে বা অনুসরনে ব্যর্থ হলে শিক্ষার্থীর ভর্তি আবেদন নাকচ হবার পাশাপাশি তিনি ইনস্টিটিউট কর্তৃক বহিষ্কৃত হবেন এবং তার প্রদেয় ভর্তি ফী ও কোর্স ফী বাতিল করা হবে।

ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত নিয়মাবলীঃ

১। ভর্তির সময় শিক্ষার্থীদের অবশ্যই নীচের আবশ্যিক তথ্যাদি জমা দিতে হবেঃ-

- **পাসপোর্ট সাইজের ছবি(১ কপি)**
- **জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট / জন্ম নিবন্ধন সনদ (যে কোন একটির ফটোকপি)**
- **সর্বশেষ প্রাপ্ত শিক্ষা সনদ / টেস্টিমোনিয়াল / মার্কসিট এর ১টি ফটোকপি**

২। ভর্তি ফী ১০০০/-(এক হাজার) টাকা বাধ্যতামূলক যা অফেরতযোগ্য।

৩। সার্টিফিকেট ফী ৫০০/-(পাঁচশত) টাকা।

EUROPEAN IT™

বেতন বিলম্ব ফী সংক্রান্ত নিয়মাবলীঃ

১। ভর্তির সময় যে তারিখ নির্ধারিত হয় সে তারিখের মধ্যে আপনার পাওনাদি পরিশোধ করতে হবে।

২। নির্ধারিত তারিখে কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হলে, তবে উক্ত কিস্তির উপর অতিরিক্ত অর্থ প্রদান করতে হবে

যা নিম্নরুপঃ-

- **উক্ত** কিস্তির উপর ১০% হারে বিলম্ব/লেট ফী সংযুক্ত হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী নিধারিত তারিখে কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হলে ১৫% হারে বিলম্ব/লেট ফী সংযুক্ত হবে অথবা প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী স্বয়ংক্রিয় ভাবে ভর্তি বাাতিল হবে।

৩। প্রদয় কোর্স ফী কোন ভাবেই ফেরতযোগ্য নয়। তবে কোন কারনবশত শিক্ষার্থী ভর্তির দুই মাসের মধ্যে ক্লাস শুরু না হলে শিক্ষার্থী তার কোর্স ফী সম্পূর্ণ রুপে ফেরত পাবেন।

৪। কোন শিক্ষার্থী তার ভর্তি বাতিল করতে চাইলে নিয়ম অনুযায়ী সে কোন অর্থ ফেরত পাবে না, তবে নির্ধারিত ফীর বিনিময়ে চাইলে শিক্ষার্থী কোর্স পরিবর্তন করতে পারবেন।

একাডেমিক নিয়মাবলীঃ

১। ভর্তি ফর্মে শিক্ষার্থীদের ব্যবহৃত সংযোগের সঠিক নাম্বার ও অভিভাবকদের ব্যবহৃত নাম্বার সঠিক ভাবে দিতে হবে, তারই সাথে বর্তমান ও স্থায়ী ঠিকানার সঠিক ও সত্য বিবরন লিপিবদ্ধ করতে হবে। যদি কারো দেয়া তথ্যাদি ভুল অথবা অসত্য প্রমানিত হয় তবে তার ভর্তি তাৎক্ষনিক ভাবে বাতিল হবে।

২। প্রত্যেক শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতির হার ৯০%-৯৫% শতাংশ হতে হবে।

৩। নাম ও রক্তের গ্রুপ ভূল করলে, আইডি কার্ড হারিয়ে গেলে অথবা যে কোন সংশোধনের জন্য প্রতিবার ১০০ টাকা করে আইডি কার্ড চার্জ দিতে হবে।

৪। ক্লাস চলাকালীন ও ইনস্টিটিউটে থাকাকালীন আইডি কার্ড পরিধান বাধ্যতামূলক, আইডি কার্ড না পড়লে ক্লাসে অংশগ্রহণ করতে পারবেন না এবং সকল সার্ভিস থেকে বঞ্চিত করা হবে।

৫। আইডি বিলম্বে পাওয়ার ক্ষেত্রে অফিস থেকে এসএমএস পেলে নিজ দায়িত্বে আইডি কার্ড সংগ্রহ করবেন।

৬। শিক্ষার্থীদের প্রতি ক্লাসে নিজ-নিজ খাতা-কলম ও পেন ড্রাইভ আনা বাধ্যতামূলক।

৭। কোর্স চলাচালীন শিক্ষক ও কর্তৃপক্ষ এর সিদ্ধান্ত অনুযায়ী নিদির্ষ্ট কিছু ক্লাসের ভিডিও প্রদান করা হবে।

৮। প্রতি ক্লাসে নির্ধারিত অ্যাসাইনমেন্ট প্রদান করা হবে যা শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক। যদি কোন শিক্ষার্থী পরপর কয়েকবার অ্যাসাইনমেন্ট দিতে ব্যর্থ হয় তবে তার ক্লাস সাসপেন্ড হয়ে যাবে।

৯। যদি কেন শিক্ষার্থী ১ বছরের ডিপ্লোমা কোর্স করতে চায় অবশ্যই তাকে সম্পূর্ণ কোর্স সফলভাবে শেষ করতে হবে নতুবা আপনি ডিপ্লোমা সার্টিফিকেট পাবেন না। শুধুমাত্র কোর্স সফলভাবে কমপ্লিটকৃতদের ডিপ্লোমা সার্টিফিকেট প্রদান করা হবে।

১০। প্রয়োজন সাপেক্ষে অথবা নির্দিষ্ট কোন কারণে ক্লাস টিচার পরিবর্তন হতে পারে, এ বিষয়ে কোন শিক্ষার্থীর আপত্তি গ্রহণযোগ্য নয়।

EUROPEAN IT™

প্রিমিয়াম শি্কষার্থীদের বিশেষ সুবিধাঃ

১। আপনি সর্বোচ্চ ১০টি ক্লাসের ব্যাক-আপ পাবেন।

২। প্রিমিয়াম শিক্ষার্থীরা কোর্ন কমপ্লিট হলে একটি ডোমেইন, হোস্টিং সহ ফ্রী (১ বছরের জন্য) ওয়েবসাইট পাবেন, যা এক বছরের জন্য সম্পূর্ণ ফ্রী, ১ বছর পর ওয়েবসাইট নবায়ন ফী দিয়ে নিজের মত ব্যবহার করতে পারবেন।

৩। প্রিমিয়াম শিক্ষার্থীরা চাইলে কোর্স কমপ্লিট হওয়ার ১ বছরের মধ্যে সম্পূর্ণ কোর্সটি পুনরায় করতে পারবেন।

৪। কোর্স কমপ্লিট হবার পর ৩ মাসের ফ্রী ইন্টার্নশিপ এর সুযোগ প্রদান করা হবে (শর্ত সাপেক্ষে) তবে এই সুযোগ পেতে হলে শিক্ষার্থীকে ৯০% ক্লাসে উপস্থিত থাকতে হবে, সকল প্রোজেক্ট নির্ধারিত সময়ে জমা দিতে হবে ও ফাইনাল পরীক্ষায় ৯০% মার্ক পেতে হবে।

ব্যাক-আপ ক্লাসের নিয়মাবলীঃ

১। আপনি সর্বোচ্চ ৪টি ক্লাসের ব্যাক-আপ পাবেন।

২।	প্রোজেক্ট ক্লাস মিস করলে পরবর্তীতে অন্য ব্যাচের সাথে ক্লাসটি করতে হবে। তাই বিশেষ কোন সমস্যা ছাড়া প্রোজেক্ট ক্লাস মিস করবেন না।

৩।	ক্লাসে অনুপস্থিত থাকলে কোয়ালিটি ম্যানেজমেন্ট টিমকে অবহিত করুন যেন পরর্বীতে ক্লাসের সাপোর্ট পাওয়া সহজতর হয়।

৪।	ব্যাক-আপ ক্লাসের জন্য নির্দিষ্ট সময় সূচির মধ্যে টোকেন গ্রহন করতে হবে এবং কোয়ালিটি ম্যানেজমেন্ট টিম প্রদত্ত ক্লাসসিডিউল ফলো করতে হবে।

৫।	নির্ধারিত টোকেন এর বিবরন অনুযায়ী ব্যাক-আপ ক্লাসে অংশ গ্রহন করুন, তবে ক্লাসে প্রবেশের পূর্বে অবশ্যই ব্যাক-আপ রেজিস্ট্রারে স্বাক্ষর করুন।

৬।	যদি আপনি একক সময়-সূচী গ্রহন করার পর কোন কারন বশত প্রদেয় সময়-সূচী বাতিল করতে চান তাহলে অবশ্যই কোয়ালিটি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে আগে জানাতে হবে।

কোর্স স্থগিতকরন নিয়মাবলীঃ

১।	কোর্স স্থগিতের প্রথম শর্ত হচ্ছে কোর্সেও সম্পূর্ণ ফী পরিশোধ কওে আবেদসন করতে হবে।

২।	কোন দূর্ঘটনা বশত যদি আপনি কোর্সটি করতে সক্ষম না হন তবে এক্সিকিউটিভ ডিরেক্টও, ইউরোপিয়ান আইটি ইনস্টিটিউট বরারব আবেদন কতে হবে্ আবেদস পত্রে ব্যাচ ও মোবাইল নম্বর অবশ্য উল্লেখ থাকতে হবে।

৩।	আপনার স্থগিত আবেদনপত্র গ্রহনের পর প্রদানকৃত সময়সীমা সর্বোচ্চ ৪ মাস।

৪।	কোর্সের মাঝে স্থগিত করনের পর পুনরায় ক্লাস শুরু করতে ব্যাচ পরিবর্তন ফী ২০০০/= টাকা পরিশোধযোগ্য।

৫।	যদি আপনার প্রয়োজনীয় রিভিউ ক্লাসের সংখ্যা ৩টির বেশি হয় তবে প্রতি ক্লাসের জন্য কোর্স ফী এর ৫০% হারে প্রদান করতে হবে।

৬।	স্থগিত আবেদনপত্র ব্যাতীত ক্লাস স্থগিত করলে ভর্তি বাতিল বলে গন্য করা হবে।

৭।	ফুল ফ্রী স্কলারশীপ অথবা নিয়মিত অফারের চেয়ে বেশি অফারের ক্ষেত্রে এই শর্তটি প্রযোজ্য নয়।

EUROPEAN IT™

ব্যাচ পরিবর্তনের নিয়মাবলীঃ

১।	কোর্স চলাকালীন সময়ে ব্যাচ পরিবর্তন করতে চাইলে অন্য যেই ব্যাচে সিট ফাকা থাকবে সেই অনুযায়ী ব্যাচ পরিবর্তন করতে হবে।

২।	ব্যাচ পরিবর্তন করতে চাইলে ২০০০/- টাকা ফী প্রদান করতে হবে।

৩।	একজন ছাত্র/ছাত্রী সর্বোচ্চ ১ বার ব্যাচ পরিবর্তন করতে পারবে।

৪।	ফুল ফ্রী স্কলারশীপ অথবা নিয়মিত অফরের ছেয়ে বেশি অফারের ক্ষেত্রে এই শর্তটি প্রযোজ্য নয়।

কোর্স পরিবর্তনের নিয়মাবলীঃ

১।	নির্দিষ্ট কোর্সে ভর্তির পরে যদি কোর্স পরিবর্তন করতে চান তাহলে ৩০০০/- টাকা টী প্রদান করতে হবে এবং নির্ধিষ্ট সময়ের মধ্যেই কোর্স পরিবর্তন করতে হবে।

২।	একজন ছাত্র/ছাত্রী সর্বোচ্চ ১বার কোর্স পরিবর্তন করতে পারবে, অধিকবার পরিবর্তন করতে চাইলে ভার্তি বাতিল বলে গন্য হবে।

৩।	ফুল ফ্রী স্কবলারশীপ অথবা নিয়মিত অফারের চেয়ে বেশি অফারের ক্ষেত্রে এই শর্তটি প্রযোজ্য নয়।

কোর্স বাতিলের নিয়মাবলীঃ

১।	বিনা অনুমতিতে ৫টির বেশি ক্লাসে পর পর অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল বলে গন্য করা হবে।

২।	ষিক্ষার্থীদেও সুবিধার্থে আমরা নিদির্ষ্ট ইন্সটলমেন্টে সোর্স ফী নিয়ে থাকি, তবু যদি কোন শিষক্ষার্থী নির্ধারিত তারিখের পর পর ৩ বার তার পাওনা পরিশোধে ব্যর্থ হয় তবে তার ভর্তি বাতিল বলে বিবেচিত হবে।

EUROPEAN IT

Life time Support পাবার নিয়মাবলীঃ

১।	আপনাকে সম্পূর্ণ কোর্স ফী পরিশোধ করতে হবে।

২।	আপনার গৃহীত কোর্সটি সফলভাবে সম্পন্ন করতে হবে।

৩।	শৃঙ্খলা বিরোধী কোন কার্যকলাপে জড়িত থাকলে আপনি এই সুবিধাটি পাবেন না।

৪।	স্থগিত/ভর্তি বাতিল শিক্ষার্থীরা এই সেবাটির অন্তর্ভুক্ত নন।

৫।	ব্যাক আপ ক্লাস যদি আপনি পাওনা থাকেন তবে অবশ্যই তা কোর্স সমাপ্তির ৪ মাসের মধ্যে বুঝে নিতে হবে(প্রয়োজন সাপেক্ষে)।

যোগাযেগ ও আইনি নীতিমালাঃ

১। প্রত্যেক শিক্ষার্থী কে অবশ্যই ভদ্রতা সম্মান বজায় রেখে চলতে হবে। যে কোন সমস্যা বা অভিযোগ সম্পর্কে জানাতে হলে কোয়ালিটি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে যোগাযোগ করুন অথবা নোটিস বোর্ডেও পাশে অবস্থিত কমপ্লেন বক্সে আপনাদেও অভিযোগ লিখিত ভাবে দিতে পারেন, আপনি চাইলে নাম উল্লেখ করতে পারেন, আপনার তথ্য গোপন রাখা হবে। যে কোন সম্যা দুরীকরনে ইউরোপিয়ান আইটি কর্তৃপক্ষ সবসময় আপনাদের পাশে ছিলো, আছে এবং ভবিষ্যতেও থাকবে।

২। প্রত্যেক শিক্ষার্থীও আচার-আচরণ, কার্যক্রম কোসর্ন চলাকালীন সময়ে নিবিড় পর্যবেক্ষণে থাকবে। যদি কোন শিক্ষার্থী একাডেমিক নিয়ম-নীতি ও শৃঙ্খলা ভঙ্গ করে তবে ইউরোপিয়ান আইটি কর্তৃপক্ষ সে শিক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা নিবে।

৩। শিক্ষার্থীরা সোশ্যাল মিডিয়া সাইটে নিজস্ব সম্মান বজায় রেখে যোগাযোগ রাখবে ও নির্দিষ্ট ব্যাচের ফেসবুক গ্রুপে একটিভ থাকবে ও ক্লাস ওয়ার্ক সেখানে সাবমিট করবে।

বিঃদ্রঃ- যদি কোন শিক্ষার্থী যে কোন সোশ্যাল মিডিয়া(ফেসবুক, টুইটার ইত্যাদি) কোন অনৈতিক কন্টেন্ট পেস্ট অতাব শেয়ার কওে যা ইউরোপিয়ান আইটির সম্মান ক্ষণ্ন কওে ও তার সুনাম পরিপন্থী হয় তবে ওস শিক্ষার্থীও বিরুদ্ধে সাইবার ক্রাইম আইনের আওতায় আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমি নিজ জ্ঞানে সব নিয়ম নীতি জেনে বুঝে এই প্রত্যয়ন প্রত্রে এই মর্মে স্বাক্ষর করছি যে, আসি ইউরোপিয়ান আইটি ইনস্টিটিউট এর একজন শিক্ষার্থী হিসেবে প্রাতিষ্ঠানিক সকল নিয়ম নীতি নিষ্ঠার সাথে পালন করবো। যদি আমি কোন অসদাচারন অথবা প্রতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গের কাজে লিপ্ত হই, তবে ইউরোপিয়ান আইটি কর্তৃপক্ষের যে কোন সিদ্ধন্ত মেনে নিতে বাধ্য থাকবো।

....

শিক্ষার্থীর স্বাক্ষার ও তারিখ

EUROPEAN IT

EUROPEAN IT™